

# বাংলা

প্রথমপত্র

কোর্স কোড - HSC 1801

হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম  
(এইচ এস সি প্রোগ্রাম)

ওসেন স্কুল



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# বাংলা

## প্রথমপত্র

কোর্স কোড - HSC 1801

হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট প্রোগ্রাম  
(এইচ এস সি প্রোগ্রাম)

রচনা

শওকত আলী

ড. বেগম জাহান আরা

শওকত আলম সিদ্দিকী

আহমদ কবির

মোহাম্মদ আনসারুজ্জামান

ড. বিশ্বজিৎ ঘোষ

ড. ভীষ্মদেব চৌধুরী

শফিউল আলম

ফজলি সুলতানা

নূরুন নাহার খানম

কোর্স সমন্বয়কারী

ড. মোঃ চেঙ্গীশ খান

মেহেরীন মুনজারীন রত্না

ওপেন স্কুল



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# বাংলা

প্রথমপত্র

কোর্স কোড - HSC 1801

এইচ এস সি প্রোগ্রাম

প্রকাশ কাল : ১৯৯৮

পুনর্মুদ্রণ : ১৯৯৯, ২০০০, ২০০১, ২০০৩, ২০০৫

২০০৭, ২০০৮, ২০০৯, ২০১০, ২০১১, ২০১২, ২০১৩

পুনর্মুদ্রণ : ২০১৪

প্রকাশনায়

প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর - ১৭০৫

প্রচ্ছদ

কাজী সাইফুদ্দীন আব্বাস

ছবি

মাসুদ মাহমুদ মল্লিক

শেখ মনির উদ্দিন

কম্পিউটার কম্পোজ

মোঃ মামুন মিঞা

© বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ISBN 984-34-3068-9

মুদ্রণ

এস.আর প্রিন্টিং প্রেস লিঃ

৮৫/১, নয়াপল্টন, ঢাকা।

## সূচিপত্র

### গদ্য

বিষয়	পৃষ্ঠা
ভূমিকা : বাংলা গদ্যের উদ্ভব ও বিকাশ : একটি রূপরেখা	১
বিড়াল	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ৫
কারবালার পর	মীর মোশাররফ হোসেন ১৮
আদর্শ মহাপুরুষ	শেখ আব্দুর রহিম ৩৯
খোকাবাবুর প্রত্যাবর্তন	রবীন্দ্রনাথ ঠাকুর ৫৬
বিলাসী	শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ৭৬
যৌবনের গান	কাজী নজরুল ইসলাম ৯৭
জীবন ও বৃক্ষ	মোতাহের হোসেন চৌধুরী ১১১
বইকেনা	সৈয়দ মুজতবা আলী ১১৯
পদ্মানদীর মাঝি	মানিক বন্দ্যোপাধ্যায় ১৩৯
সূর্যগ্রহণ	জহির রায়হান ১৬১

### কবিতা

ভূমিকা : বাংলা কবিতার উদ্ভব ও বিকাশ : একটি রূপরেখা	১৮৩
সমুদ্রের প্রতি রাবণ	মাইকেল মধুসূদন দত্ত ১৮৬
মানব বন্দনা	অক্ষয় কুমার বড়াল ২০৪
ওরা কাজ করে	রবীন্দ্রনাথ ঠাকুর ২২৬
ছন্দ হিন্দোল	সত্যেন্দ্রনাথ দত্ত ২৩৮
খেয়া পারের তরণী	কাজী নজরুল ইসলাম ২৪৪
কবর	জসীমউদ্দীন ২৫৩
পাঞ্জেরী	ফররুখ আহমদ ২৬৭
রানার	সুকান্ত ভট্টাচার্য ২৭৩
তোমাতে অমর আমি	আহসান হাবীব ২৮২
অনন্য স্বদেশ	হাসান হাফিজুর রহমান ২৯৫

### সহপাঠ : উপন্যাস

লালসালু	সৈয়দ ওয়ালীউল্লাহ ১-১৫৫
ভাষারীতি ও প্রবাদ-প্রবচন	১৫৯-১৬৮

---

## শিক্ষার্থীদের প্রতি

---

এইচ এস সি প্রোগ্রামের বাংলা প্রথম পত্র বইটি এক বছরের জন্য পাঠ্য। এতে গদ্য, কবিতা, উপন্যাস ও বিরচন স্থান পেয়েছে। গদ্য ও কবিতা যেখানে গুরু হয়েছে তার আগে যথাক্রমে গদ্য ও কবিতার সংক্ষিপ্ত ইতিহাস লিপিবদ্ধ করা হয়েছে। আমাদের ধারণা এ পর্যায়ে সকল শিক্ষার্থীর হাজার বছরের বাংলা সাহিত্যের এ রেখাচিত্রটি জানা জরুরি।

আপনারা লক্ষ করে থাকবেন—বইটি দূরশিক্ষণের উপযোগী মডুল পদ্ধতিতে রচনা করা হয়েছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামের বাংলা বই রচনায় আমরা একই পদ্ধতি অনুসরণ করেছিলাম। এখানে তারই কিছুটা বিকশিত রূপ লক্ষ করবেন। তবে মৌলিক ব্যাপারগুলি প্রায় অভিন্ন। এখানে ইউনিটের পরিকল্পনাটি লক্ষ করবেন। প্রত্যেকটি গদ্য ও কবিতাকে এখানে এক একটি ইউনিট হিসাবে ধরা হয়েছে। স্বতন্ত্র এ ইউনিটগুলো পড়লে বিশিষ্ট কোন দিকগুলো আপনি জানবেন তা ইউনিটের উদ্দেশ্য বলে দেয়া হয়েছে। ছোট-ছোট পাঠের যে ভিন্ন-ভিন্ন উদ্দেশ্য আছে সেগুলোও ভাল করে দেখবেন। যেখানে যে নির্দেশ ও নির্দেশের জন্য প্রতীক ব্যবহার করা হয়েছে সেগুলো সঠিকভাবে অনুসরণ করবেন। চূড়ান্ত মূল্যায়নের যে উত্তরগুলো লিখে দেয়া হয়েছে সেগুলো পড়ে বুঝবার চেষ্টা করবেন কিভাবে সঠিক উত্তর লেখা যায়। যেগুলোর উত্তর লেখা নেই সেগুলো বইটির সাহায্য নিয়ে নিজেই তৈরি করবেন। নিজে লেখা এবং নিজের মতো করে সঠিক উত্তর তৈরি করা মোটেও কঠিন কাজ নয়।

প্রত্যেকটি রচনার ভাষারীতি ও শব্দ ব্যবহারের কৌশল লক্ষ করবেন।

সৃজনশীল কাজ ঠিক পরীক্ষার জন্য নয়। তবে এ কাজগুলো শিক্ষার্থীকে পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে সচেতন করে তোলে ও নানা বিষয় জানতে উদ্বুদ্ধ করে। অবসর সময়ে বিষয়গুলো নিয়ে ভাববেন ও কিছু কিছু সৃজনশীল কাজ করবেন।

মানুষের পাঠের সীমানা নির্দিষ্ট নয়। তবুও নির্দিষ্ট পাঠ্যতালিকা ও প্রোগ্রাম অনুসরণ করতে হয়। এ সীমাবদ্ধতার মাঝে একটি ক্ষুদ্র জানালা আমরা খুলে দিয়েছি— ‘আরও যা পড়তে পারেন’ অংশে। এখানে প্রাসঙ্গিক কিছু রচনা ও বইপত্রের নাম বলা হয়েছে— যেগুলো হাতের কাছে পেলে এবং সময় থাকলে পড়ে দেখতে পারেন। এটি *Further reading* বা আরও কিছু পড়া ও জানার জন্য।